

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩১৯

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ الرِّيَاءِ والسمعة)

আরবী

وَعَن عبد الله بن عَمْرو أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ سَمَّعَ النَّاسَ بِعَمَلِهِ سَمَّعَ اللَّهُ بِهِ أَسَامِعَ خَلْقِهِ وَحَقَّرَهُ وَصَغَّرَهُ» . رَوَاهُ الْبَيْهَقِيّ فِي «شعب الْإيمَان»

صحيح ، رواه البيهقى فى شعب الايمان (6822 ، نسخة محققة : 6403) [و احمد (2 / 162 ، 212 ، 223)] * قلت : فيه رجل يقال له ابو يزيد وهو خيثمة بن عبد الرحمن كما فى حلية الاولياء (4 / 123) و مجمع الزوائد (10 / 222) فالحديث صحيح و الحمد لله .

(صَحِيح)

বাংলা

৫৩১৯-[৬] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছেন, যে লোক মানুষের কাছে নিজের 'আমলের কথা শুনায়, আল্লাহ তা'আলা তার মন্দ উদ্দেশ্যে কৃত 'আমলকে মানুষের কানে পৌছিয়ে দেবেন এবং তাকে লাঞ্ছিত ও অপমানিত করবেন। (বায়হাকী'র শুআবূল ঈমান)

ফুটনোট

সহীহ: শু'আবূল ঈমান ৬৮২১, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ২৫, সিলসিলাতুস সহীহাহ ২৫৬৬, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৪৯৩।

ব্যাখ্যা



ব্যাখ্যা : (مَنْ سَمَّعَ النَّاسَ بِعَمَلِهِ سَمَّعَ النَّاسَ بِعَمَلِهِ سَمَّعَ النَّهُ بِهِ) যারা মানুষকে দেখানোর জন্য কোন নেক 'আমল প্রকাশে করবে আল্লাহ তা'আলা তার উক্ত 'আমলকে মানুষের নিকট প্রকাশ করে দিবেন এবং পার্থিব জীবনে মানুষের মাঝে প্রসিদ্ধি লাভ করাবেন। অথবা, আল্লাহ তা'আলা প্রতিদান স্বরূপ তার গোপনীয় দোষ-ক্রটিকে মানুষের নিকট প্রকাশ করে দিবেন এবং তাকে লাঞ্ছিত করবেন, তুচ্ছ করবেন, ছোট করে দিবেন। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৮/৩১৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন